# শাজাহানপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ
## এর
## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন'২০২৫
## নির্বাচনী তফসিল

এতদ্বারা শাজাহানপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর সকল সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির ০৪/০৫/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২৪/০৭/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ২:০০ টা পর্যন্ত সমিতির কার্যালয়ে বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্টিত হবে। উল্লেখিত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির ০৮ (আট) জন সদস্যের মধ্যে ০১ জন সভাপতি, ০১ জন সহ-সভাপতি ও ০৬ জন সদস্য সরাসরি ভোটে নির্বাচিত হবেন। নির্বাচন কমিটির ১৬/০৬/২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন'২০০১ (সংশোধিত আইন'২০০২ ও ২০১৩) এর ১৮(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা'২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী শাজাহানপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন আগামী ২৪/০৭/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরূপ তফসিল ঘোষণা করা হলো।

| ক্রঃ নং | কার্যক্রমের বিবরণ | সময়কাল | | যাহার নিকট | স্থান |
|---|---|---|---|---|---|
| | | তারিখ | সময় | | |
| ১ | মনোনয়ন পত্র বিতরণ | ২৫/০৬/২৫<br>২৬/০৬/২৫ | সকাল ১০:০০ টা. হতে দুপুর ২:০০ টা. পর্যন্ত | সভাপতি/সদস্য নির্বাচন কমিটি | শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর কার্যালয় |
| ২ | মনোনয়ন পত্র দাখিল | ২৯/০৬/২৫<br>৩০/০৬/২৫ | সকাল ১০:০০ টা. হতে দুপুর ২:০০ টা. পর্যন্ত | সভাপতি/সদস্য নির্বাচন কমিটি | শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর কার্যালয় |
| ৩ | মনোনয়ন পত্র বাছাই ও প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ০১/০৭/২৫ | দুপুর ১:০০ টায়. | নির্বাচন কমিটি কর্তৃক | শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর কার্যালয় ও নোটিশ বোর্ড |
| ৪ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্তি কিংবা বাছাইতে বাদ পড়া কোন প্রার্থীর মনোনয়ন পত্র বিষয়ে আপীল আবেদন দাখিল (সঃ সঃ বিধিমালা' ০৪ এর ২৯ (১) বিধি মতে) | ০২/০৭/২৫<br>০৩/০৭/২৫ | অফিস চলাকালীন সময়ে | যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী | যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয় রাজশাহী |
| ৫ | আপিল আবেদনের উপর শুনানী ও সিদ্ধান্ত গ্রহণ (সঃ সঃ বিধিমালা' ০৪ এর ২৯ (২) বিধি মতে) | ০৭/০৭/২৫<br>০৮/০৭/২৫<br>০৯/০৭/২৫ | অফিস চলাকালীন সময়ে | যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী | যুগ্ম-নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয় রাজশাহী |
| ৬ | বৈধ ও বাতিলকৃত প্রার্থীর তালিকা প্রকাশ | ১০/০৭/২৫ | বেলা ১২:০০ টায় | নির্বাচন কমিটি কর্তৃক | শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর কার্যালয় ও নোটিশ বোড |
| ৭ | প্রার্থীত পদ প্রত্যাহার | ১৪/০৭/২৫ | সকাল ১০:০০ টা. হতে দুপুর ১২:০০ টা. পর্যন্ত | নির্বাচন কমিটির নিকট | শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর কার্যালয় ও নোটিশ বোর্ড |
| ৮ | প্রতীক বরাদ্দ ও প্রতিদ্বন্দ্বী প্রার্থীর চুড়ান্ত তালিকা প্রকাশ | ১৫/০৭/২৫ | বেলা ১২:০০ টা. | নির্বাচন কমিটি কর্তৃক | শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর কার্যালয় ও নোটিশ বোর্ড |
| ৯ | ভোট গ্রহণ | ২৪/০৭/২৫ | সকাল ১০:০০ টা. হতে দুপুর ২:০০ টা. পর্যন্ত | নির্বাচন কমিটি কর্তৃক | শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর মিলনায়তন |
| ১০ | নির্বাচনী ফলাফল ঘোষনা | ২৪/০৭/২৫ | ভোট গণনা শেষে | বিশেষ সাধারণ সভায় | শাজাহানপুর ইউসিসিএ লিঃ এর কার্যালয় |

১৬/০৬/২৫
(মোঃ রেজুয়ান নবী)
সদস্য, নির্বাচন কমিটি
শাজাহানপুর ইউসিসিএ লিঃ
শাজাহানপুর, বগুড়া।
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়,
শাজাহানপুর, বগুড়া ।

১৬/০৬/২৫
(মোছাঃ মাকসুদা আকতার)
সদস্য, নির্বাচন কমিটি
শাজাহানপুর ইউসিসিএ লিঃ
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়
বগুড়া ।

১৬/০৬/২৫
(মোঃ সালাহউদ্দিন সিদ্দিক)
সভাপতি
নির্বাচন কমিটি
শাজাহানপুর ইউসিসিএ লিঃ
শাজাহানপুর, বগুড়া।
ও
উপজেলা সমবায় অফিসার
বগুড়া সদর, বগুড়া

...ের জন্য নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ নিম্নরূপঃ

| ...নং | পদের নাম | নির্বাচিত এলাকা | প্রতীক |
|---|---|---|---|
| ০১ | সভাপতি | সমগ্র এলাকা ব্যাপী | চেয়ার, ছাতা, মাছ, মোটরসাইকেল |
| ০২ | সহ-সভাপতি | সমগ্র এলাকা ব্যাপী | আনারস, ফুটবল, মাইক |
| ০৩ | ব্যবস্থাপনা কমিটির সদস্য | নির্বাচনী এলাকা-০১ | গোলাপফুল, হাঁস, হাতপাখা |
| ০৪ | ব্যবস্থাপনা কমিটির সদস্য | নির্বাচনী এলাকা-০২ | কাপ পিরিচ, কলস, তালাচাবি, হরিন |
| ০৫ | ব্যবস্থাপনা কমিটির সদস্য | নির্বাচনী এলাকা-০৩ | চশমা, মই, মোমবাতি, ফুটবল |
| ০৬ | ব্যবস্থাপনা কমিটির সদস্য | নির্বাচনী এলাকা-০৪ | বই, দোয়াত কলম, টেবিল, কুড়াল, হাতি |
| ০৭ | ব্যবস্থাপনা কমিটির সদস্য | নির্বাচনী এলাকা-০৫ | প্রজাপতি, দেয়ালঘড়ি, মোরগ, কলম, বাইসাইকেল |
| ০৮ | ব্যবস্থাপনা কমিটির সদস্য | নির্বাচনী এলাকা-০৬ | আম, তরবারি, হারিকেন |

## নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় সমূহঃ

১. মনোনয়ন পত্র নির্ধারিত তারিখে নির্বাচন কমিটির সভাপতি/সদস্যের নিকট হতে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত ফি (সভাপতি ৫০০০/-, সহ-সভাপতি ২৫০০/-, ও সদস্যদের ২০০০/- টাকা) জমা দিয়ে সংগ্রহ করতে হবে। মনোনয়নপত্র ক্রয়ের রশিদ মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২. ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশিষ্ট সদস্য সমবায় সমিতি আইন, ২০০১ এর ১৯(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য হতে হবে।

৩. মনোনয়ন পত্র নির্ভুলভাবে পুরণ করে তফসিল মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়নপত্রে প্রার্থীর স্বাক্ষর, সমিতির সভাপতি কর্তৃক যথাযথভাবে সত্যায়িত এবং সীল মোহর থাকতে হবে এবং তা জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৮ বিধি মতে মনোনয়ন পত্র অসম্পূর্ণ, কাটাকাটি কিংবা ঘষামাজা থাকলে এবং মিথ্যা কিংবা প্রতারণা পূর্ণ তথ্য পরিবেশন করা হলে মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়ন পত্র গ্রহনযোগ্য হবে না।

৪. মনোনয়ন পত্রের সাথে (ক) প্রার্থী ব্যাক্তিগতভাবে কোন আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপী নয় মর্মে অঙ্গীকার নামা, (খ) পাসপোর্ট সাইজের এক কপি কালার ছবি, (গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (ঘ) মনোনয়ন পত্রে চাহিত প্রতিকের নাম উল্লেখ করে দাখিল করতে হবে।

৫. ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট সমবায় সমিতি আইন, ২০০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৮৭ ও ৮৮(৩) বিধি মোতাবেক যোগ্য হতে হবে।

৬. প্রার্থীর দাখিলকৃত মনোনয়ন পত্রের সংগে দেয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি গ্রহন করতে পারবে।

(মোঃ রেজুয়ান নবী)
সদস্য, নির্বাচন কমিটি
শাজাহানপুর ইউসিসিএ লিঃ
শাজাহানপুর, বগুড়া।
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়,
শাজাহানপুর, বগুড়া।

(মোছাঃ মাকসুদা আকতার)
সদস্য, নির্বাচন কমিটি
শাজাহানপুর ইউসিসিএ লিঃ
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়
বগুড়া।

(মোঃ সলিহউদ্দিন সিদ্দিক)
সভাপতি
নির্বাচন কমিটি
শাজাহানপুর ইউসিসিএ লিঃ
শাজাহানপুর, বগুড়া।
ও
উপজেলা সমবায় অফিসার
বগুড়া সদর, বগুড়া

স্মারকনং : ৪৫

তারিখঃ ১৭/০৬/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো।

০১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০২। জেলা সমবায় অফিসার, বগুড়া।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া।
০৪। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সচিব শাজাহানপুর ইউসিসিএ লিঃ, শাজাহানপুর, বগুড়া। তাহাকে অত্র সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলকে নির্বাচনী তফশীল টি পৌছিয়ে প্রাপ্তি স্বীকার গ্রহন ও ব্যাপক প্রচাররে জন্য এবং নোটিশ বোর্ডে লাগানোর জন্য অনুরোধ করা হলো।
০৫। উপজেলা সমবায় অফিসার, শাজাহানপুর, বগুড়া।
০৬। সভাপতি, শাজাহানপুর, ইউসিসিএলিঃ, শাজাহানপুর, বগুড়া।
০৭। সদস্য নির্বাচন কমিটি শাজাহানপুর ইউসিসিএ লিঃ, শাজাহানপুর, বগুড়া।
০৮। অফিস কপি

সভাপতি
নির্বাচন কমিটি
শাজাহানপুর ইউসিসিএ লিঃ